



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/11/2022

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল এবং পিয়ারলুইসি এবং কংগ্রেসম্যান টোরেস নিউ ইয়র্ক পুয়ের্তো রিকো ফেডারেল অ্যাফেয়ার্স প্রশাসন অফিসের ঘোষণা করলেন

**নিউ ইয়র্ক সিটি অফিস পুয়ের্তো রিকানদের অত্যাবশ্যকীয় রেকর্ড জোগাড় করতে সাহায্য করবে যা সরকারি ভাতা ও সেবা পাওয়ার জন্য প্রয়োজন**

নিউ ইয়র্কের মেয়র গভর্নর ক্যাথি হোকল, পুয়ের্তো রিকোর গভর্নর পেড্রো পিয়ারলুইসি এবং কংগ্রেসম্যান রিচি টোরেস আজকে ঘোষণা করলেন যে একটি নিউ ইয়র্ক পুয়ের্তো রিকো ফেডারেল অ্যাফেয়ার্স প্রশাসন অফিস (New York Office of the Puerto Rico Federal Affairs Administration, PRFAA) খুলে দেওয়া হয়েছে, যা নিউ ইয়র্কে এবং আশেপাশের স্টেটে বসবাসরত পুয়ের্তো রিকানদের সহজে জন্ম সনদ, বিয়ের লাইসেন্স, এবং মৌলিক সরকারি ভাতা ও সেবা পাওয়ার জন্য প্রয়োজনীয় অন্যান্য অত্যাবশ্যকীয় রেকর্ড আরো সহজে পেতে সাহায্য করবে। এখন পর্যন্ত, নিউ ইয়র্কে বসবাসরত পুয়ের্তো রিকানদের কাছে স্থানীয়ভাবে এইসব রেকর্ড পাওয়ার কোনও উপায় ছিলো না এবং তাদের তা উদ্ধার করতে ওয়াশিংটন ডিসি, অরল্যান্ডো, ফ্লোরিডার পুয়ের্তো রিকো ফেডারেল অ্যাফেয়ার্স প্রশাসন অফিসগুলিতে বা পুয়ের্তো রিকোতে যেতে হতো।

"মার্কিন যুক্তরাষ্ট্রের সর্ববৃহৎ পুয়ের্তো রিকান জনগোষ্ঠীগুলির একটির বাড়ি হিসেবে, নিউ ইয়র্ক আমাদের স্টেটের সকলে যাতে অত্যাবশ্যকীয় কর্মসূচি, সেবা এবং ভাতা পেতে পারে তা নিশ্চিত করতে পদক্ষেপ নিচ্ছে," **গভর্নর হোকল বলেন।** "একদম নতুন এই অফিসটি নিউ ইয়র্ক ও আশেপাশের পুয়ের্তো রিকানদের জন্য জরুরি রেকর্ড ও নথি খুঁজে পাওয়ার চাপ সহজ করতে সাহায্য করবে, এবং আমি গভর্নর পিয়ারলুইসি এবং কংগ্রেসম্যান টোরেসকে ধন্যবাদ জানাচ্ছি আমাদের স্টেটে এই সংস্থান আনতে তাদের অংশীদারিত্বের জন্য।"

"এই চুক্তিটি নিউ ইয়র্কে বাস করতে থাকা আমাদের পুয়ের্তো রিকান ভাইবোনদের সাথে আমাদের বন্ধন দৃঢ় করা অব্যাহত রাখার আরেকটি পথ, ঠিক যেমনটি আমরা ফ্লোরিডাতে করে থাকি," **গভর্নর পিয়ারলুইসি বলেন।** "তাই, আমরা আমাদের দুইটি জুরিসডিকশনের মধ্যকার সামাজিক ও বাণিজ্যিক লেনদেনের সম্ভাব্য সুযোগ উন্নত করা এবং সকল স্থানে পুয়ের্তো রিকানদের আর্থসামাজিক বিকাশ প্রসার অব্যাহত রাখছি। আমি নিউ ইয়র্কের নতুনভাবে পুনর্নির্বাচিত গভর্নর, মাননীয় ক্যাথি হোকলকে এবং সেই সাথে নিউ ইয়র্কের 15তম জেলার

প্রতিনিধিত্বকারী, পুনর্নির্বাচিত কংগ্রেসম্যান রিচি টোরেসকে ধন্যবাদ জানাতে চাই। উভয়ে পুয়ের্তো রিকোর অনেক ভালো বন্ধু।"

"যাজককে আমরা ব্রঙ্কসে পুয়ের্তো রিকান সেবা অফিস পুনরায় খুলে দেওয়ার ঘোষণা করতে পেরে আনন্দিত। আমি গভর্নর হোকল এবং গভর্নর পিয়ারলুইসির সাথে কাজ করে নিউ ইয়র্ক সিটির পুয়ের্তো রিকান সম্প্রদায়কে সেবাদান করতে পেরে গর্বিত," **কংগ্রেসম্যান রিচি টোরেস বলেন।** দ্বীপের বাইরে, নিউ ইয়র্ক স্টেটে মার্কিন যুক্তরাষ্ট্রের সর্বোচ্চ সংখ্যক পুয়ের্তো রিকান জনগোষ্ঠী রয়েছে।" এই অফিসের উপস্থিতি শুধু পুয়ের্তো রিকান বাসিন্দাদের জরুরি নথি পেতে সাহায্য করবে না বরং এছাড়াও নিউ ইয়র্ক সিটির পুয়ের্তো রিকান ডায়াস্পোরা এবং বর্তমান পুয়ের্তো রিকান বাসিন্দাদের মধ্যে একটি সম্পর্ক গঠনের স্থান তৈরি করবে। হারিকেন মারিয়া ও ফিয়োনার পরে, হাজার হাজার পুয়ের্তো রিকান প্রাকৃতিক দুর্যোগে সব কিছু হারিয়ে নিউ ইয়র্কে নতুন করে জীবন শুরু করতে নিউ ইয়র্কে এসেছে। ধন্যবাদ গভর্নর হোকল এবং গভর্নর পিয়ারলুইসিকে, নিউ ইয়র্কে এই অতি গুরুত্বপূর্ণ সেবা ফেরত আনতে তাদের সমর্থনের জন্য।"

PRFAA একটি স্টেট-ফেডারেল অ্যাফেয়ার্স অফিস এবং একইসাথে আনুষ্ঠানিক পুয়ের্তো রিকো সরকারি সেবার সংযোজিত অংশ উভয় হিসেবে কাজ করবে। এটি মহাদেশীয় মার্কিন যুক্তরাষ্ট্রে বসবাসরত পুয়ের্তো রিকানদের নথি, যেমন জন্ম, বিয়ে, এবং মৃত্যু সনদ; ড্রাইভার রেকর্ড এবং পরিচয়পত্র; এবং অ্যাপোস্টিল সেবার ব্যাপারে সহায়তা করার দায়িত্ব পালন করে। নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগ (New York State Department of Labor, NYSDOL) এর নিজের অফিস ব্যবহার করে একটি ভাড়া মুক্ত অফিস প্রদান করবে অফিসটি প্রতিষ্ঠা করার জন্য এবং নিউ ইয়র্ক ও আশেপাশের পুয়ের্তো রিকানদের তাদের প্রয়োজনীয় সহায়তা পেতে সাহায্য করবে। NYSDOL-র সাথে একটি চুক্তির অধীনে, PRFAA ব্রঙ্কসের 400 ইস্ট ফোর্ডহ্যাম রোডে অবস্থিত তাদের অফিস স্থান ব্যবহার করবে।

**নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগের কমিশনার রবার্টা রিয়ারডন বলেন,** "নিউ ইয়র্ক এবং পুয়ের্তো রিকোর একে অন্যকে সমর্থন করার একটি দীর্ঘ ইতিহাস রয়েছে। প্রাকৃতিক দুর্যোগ হোক বা সমৃদ্ধশালী সবুজ শক্তি খাত গঠন হোক, আমরা সর্বদা একে অন্যের পাশে আছি। আমি গর্বিত যে NYSDOL পুয়ের্তো রিকো ফেডারেল অ্যাফেয়ার্স প্রশাসনকে একটি অফিস প্রদান করতে পারছে যা হাজার হাজার পুয়ের্তো রিকান নিউ ইয়র্কবাসীদের জন্য সেবা পাওয়ার সুযোগ বৃদ্ধি করবে।"

নতুন অফিসের ব্যাপারে আরো তথ্যের জন্য ভিজিট করুন <http://www.prfaa.pr.gov/book>।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)-এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418